

“খাদ্যবান্ধব কর্মসূচীর ডিলার নিয়োগ বিজ্ঞপ্তি”

স্মারক নং ১৩.০১.০০০০.০০১.৫৭.০০১.২৫.

তারিখঃ ০৪.০৩.২০২৫ খ্রি.

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, খাদ্য মন্ত্রণালয়ের ঢাকা এর স্মারক নং ১৩.০০.০০০০.০৪৬.৩৬.০০১.২০.২০৬. তারিখ ১৪.১০.২০২৪ খ্রি. জারীকৃত “খাদ্যবান্ধব কর্মসূচী নীতিমালা-২০২৪” এবং ০৪.০৩.২০২৫ খ্রি. তারিখের উপজেলা খাদ্যবান্ধব কমিটির সভায় গৃহীত সিদ্ধান্ত অনুসারে ইউনিয়ন পর্যায়ে হত দরিদ্র জনগোষ্ঠীর মাঝে ভর্তুকী মূল্যে খাদ্যশস্য বিতরণের জন্য সুন্দরগঞ্জ উপজেলায় খাদ্যবান্ধব কর্মসূচীর আওতায় নিম্নোক্ত ১৫ (পনের) টি ইউনিয়নের পার্শ্ব বর্ণিত প্রতি বিক্রয় কেন্দ্রের জন্য ০১ (এক) করে সর্বমোট ৪২ (বিয়াল্লিশ) জন ডিলার নিয়োগ করা হবে। ডিলার নিয়োগের এ লক্ষ্যে নিম্ন বর্ণিত শর্তাবলী ও যোগ্যতা সম্পন্ন আগ্রহী বাংলাদেশের নাগরিকগণের নিকট হতে পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ হতে আগামী ২৫.০৩.২০২৫ খ্রি. তারিখ বিকাল ৩.৩০ ঘটিকা পর্যন্ত আবেদনপত্র গ্রহণ করা হবে।

ইউনিয়নের নাম	বিক্রয় কেন্দ্রের নাম				সংখ্যা
	০১	০২	০৩	০৪	
বামনডাঙ্গা	বামনডাঙ্গা বাজার	কালিতলা বাজার	হাসানগঞ্জ বাজার	ফলগাছা বাজার	০৪ জন
সোনারায়	সোনারায় হাট	ছাইতানতলা বাজার	-	-	০২ জন
তারাপুর	চরকের হাট	ইমামগঞ্জ বাজার	তারাপুর আর্দিশ স্কুল সংলগ্ন	-	০৩ জন
বেলকা	একতা বাজার	জুহরুলের মোড়	বেলকা বাজার	-	০৩ জন
দহবন্দ	গোপাল চরণ	ঝিনিয়া বাজার	-	-	০২ জন
সর্বানন্দ	লিটন মোড়	প্রফেসরের বাজার	নয়া হাট	-	০৩ জন
রামজীবন	গাবতলী বাজার	মাষ্টারের মোড়	ডোমের হাট	-	০৩ জন
ধোপাডাঙ্গা	নতুন বাজার	হাতিয়া চৌরাস্তা	-	-	০২ জন
ছাপড়াহাটা	শোভাগঞ্জ বাজার	ধাপাচিলা বাজার	মন্ডলের হাট	-	০৩ জন
শান্তিরাম	পরান ক্লিনিকের মোড়	কালিতলা বাজার	মজুমদার হাট	-	০৩ জন
হরিপুর	গোদার হাট	কাশিম বাজার	-	-	০২ জন
কঞ্চিবাড়ী	বজরা কঞ্চিবাড়ী	কালীর খামার ক্লাব	ধুবনি বাজার	-	০৩ জন
শ্রীপুর	ধর্মপুর বাজার	বোয়ালী বাজার	বড়ুয়ার হাট	সখের বাজার	০৪ জন
চন্ডিপুর	সিন্দুরমতির বাজার	পাঁচপীর বাজার	সীচা চৌরাস্তা	-	০৩ জন
কাপাসিয়া	লাল চামার বাজার	ফছিম বাজার	-	-	০২ জন

শর্তাবলীঃ

- খাদ্যশস্যের লাইসেন্স প্রাপ্ত ব্যবসায়ী এবং সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের ট্রেড লাইসেন্সধারী আবেদন করতে পারবেন।
- আবেদনকারীকে আর্থিকভাবে সচ্ছল ও খাদ্যশস্য হিসাব সংরক্ষণের ক্ষমতা থাকতে হবে।
- আবেদনকারীর কমপক্ষে ১৫ (পনের) মেট্রন খাদ্যশস্য সংরক্ষণের উপযোগী দোকান/গুদাম থাকতে হবে এবং দোকানের মেঝে পাকা হতে হবে, খাদ্যশস্য নিরাপদ ও স্বাস্থ্যসম্মতভাবে সংরক্ষণের উপযোগী হতে হবে।
- খাদ্য অধিদপ্তরের কোন ডিলার/মিলার/টিকাদার পূর্বে শাস্তিপত্র, তালিকাভুক্ত, বাতিলকৃত, সাময়িকভাবে বরখাস্তকৃত কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান ডিলারের জন্য আবেদন করতে পারবেন না।
- খাদ্য অধিদপ্তরের নিয়ন্ত্রণাধীন কোন পরিবহন টিকাদার, মিলার, ওএমএস ডিলার হিসেবে কর্মরত কোন ব্যক্তি তাঁর উপর নির্ভরশীল কেউ খাদ্যবান্ধব ডিলারের জন্য আবেদন করতে পারবেন না।
- প্রজাতন্ত্রের লাভজনক পদে অধিষ্ঠিত কোন কর্মকর্তা/কর্মচারী/জনপ্রতিনিধি ডিলার হতে পারবেন না।
- বর্তমানে নিয়োজিত ডিলারগণ ‘খাদ্যবান্ধব কর্মসূচী নীতিমালা-২০১৭’ অনুসারে খাদ্যবান্ধব ডিলার হিসেবে নিয়োগ প্রাপ্তির জন্য আবেদন করতে পারবেন।
- একটি বিক্রয় কেন্দ্রের বিপরীতে একাধিক যোগ্যতা সম্পন্ন আবেদন পাওয়া গেলে যোগ্যতা সম্পন্ন আবেদনকারীদের উপস্থিতিতে লটারীর মাধ্যমে ডিলার নির্বাচন করা হবে। এক জন ব্যক্তি তার ইউনিয়নের যেকোন একটি বিক্রয় কেন্দ্রের জন্য আবেদন করতে পারবেন। লটারীর তারিখ পরবর্তীতে প্রকাশ করা হবে।
- চূড়ান্তভাবে ডিলার নিয়োগ প্রাপ্তির পর খাদ্যবান্ধব ডিলারকেই খাদ্যশস্য উত্তোলন করতে হবে।
- খাদ্যবান্ধব ডিলার নিয়োগ সংক্রান্ত সময় সময়ে জারীকৃত এতদসংক্রান্ত সরকারি নির্দেশনা এবং আদেশসমূহ প্রযোজ্য হবে।
- কর্তৃপক্ষ প্রয়োজনে ডিলার নিয়োগ সংক্রান্ত বিষয় পরিবর্তন/পরিবর্ধন/সংযোজন/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।
- এক ব্যক্তি একাধিক বিক্রয় কেন্দ্রের ডিলারশীপের জন্য আবেদন করতে পারবেন না।
- ক্রটিপূর্ণ, অসম্পূর্ণ, ঘষামাজা এবং নির্ধারিত সময়ের পরে দাখিলকৃত আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। ডিলার নিয়োগের পরেও যদি ভুল তথ্য উদঘাটিত হয়, তাহলে কর্তৃপক্ষ ডিলারশীপ বাতিল করতে পারবে।
- খাদ্যবান্ধব ডিলারশীপ প্রাপ্তির জন্য নির্ধারিত আবেদন ফরমে আবেদন করতে হবে। “উপজেলা খাদ্য নিয়ন্ত্রক ও সদস্য সচিব, উপজেলা খাদ্যবান্ধব কমিটি, সুন্দরগঞ্জ, গাইবান্ধা” বরাবর আবেদনপত্র (খামের উপরে যে বিক্রয়কেন্দ্রের জন্য আবেদন করবেন কেন্দ্রের নাম উল্লেখপূর্বক খামবন্দী করে) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, সুন্দরগঞ্জ, গাইবান্ধা এবং উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, সুন্দরগঞ্জ, গাইবান্ধায় রক্ষিত “খাদ্যবান্ধব ডিলার নিয়োগের আবেদনপত্র গ্রহণের বাজ” এ দাখিল করতে হবে।

আবেদনের সাথে নিম্নলিখিত ডকুমেন্টস এর সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে।

০১	পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি ছবি।	০৫	দোকানের মালিকানা/ভাড়া সংক্রান্ত কাগজপত্রের সত্যায়িত ফটোকপি।
০২	ব্যাংক কর্তৃক প্রদত্ত আর্থিক সচ্ছলতার সনদ।	০৬	জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি।
০৩	ইউনিয়ন পরিষদের ট্রেড লাইসেন্স এর সত্যায়িত ফটোকপি।	০৭	নাগরিকত্ব সনদের সত্যায়িত ফটোকপি।
০৪	খাদ্য বিভাগ কর্তৃক প্রদত্ত খাদ্যশস্য লাইসেন্স এর সত্যায়িত ফটোকপি।		

০৪.০৩.২০২৫

(মোঃ হাবিবুর রহমান)

উপজেলা খাদ্য নিয়ন্ত্রক,

ও সদস্য সচিব

উপজেলা খাদ্যবান্ধব কমিটি

সুন্দরগঞ্জ, গাইবান্ধা।